

চবি ছাত্রদলের ৪২০ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ছাত্রদলের ৪২০ সদস্যের পূর্ণাঙ্গ

কমিটি ঘোষণা করা হয়েছে। পাঁচ সদস্যের আংশিক কমিটি দিয়ে

দুই বছর তিন মাস পার করার পর এ কমিটি দেওয়া হলো।

বুধবার (২৯ অক্টোবর) রাতে ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি

রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির

স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়।

নতুন কমিটিতে সহসভাপতি হয়েছেন ৬০ জন, যুগ্ম সাধারণ

সম্পাদক ৯২ জন, সহ-সাধারণ সম্পাদক ৬৩ জন, সহ-

সাংগঠনিক সম্পাদক ৬৪ জন এবং সদস্য রয়েছেন ৬২ জন।

এর আগে ২০২৩ সালের ১২ আগস্ট চবি ছাত্রদলের পাঁচ সদস্যের

আংশিক কমিটি ঘোষণা করা হয়। এতে সভাপতি হন রাজনীতি

বিজ্ঞান বিভাগের ২০০৮-০৯ শিক্ষাবর্ষের মোহাম্মদ আলাউদ্দিন

মহসীন এবং সাধারণ সম্পাদক করা হয় একই বিভাগের

২০০৯-১০ শিক্ষাবর্ষের আব্দুল্লাহ আল নোমানকে।

সিনিয়র সহসভাপতি হন অর্থনীতি বিভাগের ২০০৯-১০

শিক্ষাবর্ষের মামুন উর রশিদ মামুন, সিনিয়র যুগ্ম-সাধারণ

সম্পাদক ইতিহাস বিভাগের ২০১১-১২ শিক্ষাবর্ষের মো. ইয়াসিন

ও সাংগঠনিক সম্পাদক পদে দায়িত্ব পান দর্শন বিভাগের

২০১৫-১৬ শিক্ষাবর্ষের সাজ্জাদ হোসেন হৃদয়।

কেন্দ্রীয় নির্দেশনা অনুযায়ী এক মাসের মধ্যে নতুন কমিটির পূর্ণাঙ্গ

তালিকা হওয়ার কথা থাকলেও তা হতে সময় লেগেছে প্রায় ২৫

মাস।

এ ছাড়া চাকসু নির্বাচনের আগে সিনিয়র সহসভাপতি মামুন উর

রশিদ মামুনকে দল থেকে আজীবনের জন্য বহিকার করা হয়।